**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ফ্রাঙ্কলিন কাউন্টিতে সোলার সুবিধা অনুমোদনের ঘোষণা দিয়েছেন

***100-মেগাওয়াটের প্রকল্প 130 টিরও বেশি কর্মসংস্থান এবং 16,500 বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করবে বলে আশা করা হচ্ছে***

***2021 সাল থেকে ORES কর্তৃক অনুমোদিত 15টি বৃহৎ আকারের নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্প স্টেটে 2.3-গিগাওয়াট নতুন পরিচ্ছন্ন বিদ্যুৎ নিয়ে এসেছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট অফিস অব রিনিউয়েবল এনার্জি (New York State Office of Renewable Energy) সিটিং ফ্রাঙ্কলিন কাউন্টির বার্ক ও চ্যাটোগে সিটিতে 100-মেগাওয়াট সোলার বিদ্যুৎ সুবিধা উন্নয়ন, ডিজাইন, নির্মাণ, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং ডিকমিশন করার জন্য ব্রুকসাইড সোলার LLC কে চূড়ান্ত সাইটিং পারমিট জারি করেছে। একবার সম্পন্ন হয়ে গেলে, এই সোলার সুবিধাটি নিউ ইয়র্কের 16,500টিরও বেশি বাড়িতে বিদ্যুৎ সরবরাহের জন্য পর্যাপ্ত পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপাদনের করবে এবং 131,000 মেট্রিক টনেরও বেশি কার্বন নির্গমন হ্রাস করবে বলে আশা করা হচ্ছে, যা প্রায় 29,000 গাড়িকে রাস্তা থেকে সরিয়ে নেওয়া সমতুল্য। এই সোলার সুবিধাটি নির্মাণ ও পরিচালনা চলাকালীন সময় 130টিরও বেশি পূর্ণ-সময়ের সমমানের কর্মসংস্থান তৈরি করবে বলে আশা করা হচ্ছে।

"একটি পরিচ্ছন্ন অর্থনীতি গতে তুলতে নিউ ইয়র্ক আরো এক ধাপ এগিয়ে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই চূড়ান্ত সাইটিং পারমিট ইস্যু করার মাধ্যমে আমরা কর্মসংস্থান সৃষ্টি করছি, নিউ ইয়র্কের পরিবার ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে পরিচ্ছন্ন ও টেকসই জ্বালানি সরবরাহ করছি এবং আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়ে তুলছি।"

আজকের ঘোষণাটি 2021 সাল থেকে অফিস অফ রিনিউয়েবল এনার্জি সিটিং (Office of Renewable Energy Siting, ORES) এর মাধ্যমে জারি করা 15তম প্রধান নবায়নযোগ্য বিদ্যুৎ সুবিধার অনুমতিকে চিহ্নিত করে। সর্বমোট, এই 15টি পারমিট অনুমোদিত 2.3 গিগাওয়াটেরও বেশি নতুন পরিচ্ছন্ন বিদ্যুৎ এর প্রতিনিধিত্ব করে। এই সাফল্য নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্বকে হাইলাইট করে এবং স্টেটের ইতিহাসে প্রধান নবায়নযোগ্য বিদ্যুৎ সুবিধা অনুমোদনকে সবচেয়ে দ্রুত গতিকে প্রতিফলিত করে।

ব্রুকসাইড সোলার প্রথম 20 বছরে কাউন্টি, সিটি ও স্কুল ডিস্ট্রিক্টগুলোতে করের বিনিময়ে 12.7 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করবে বলে আশা করা হচ্ছে এবং এই সুবিধাটি হোস্ট করা কমিউনিটির বাসিন্দাদের জন্য অবকাঠামো, অতিরিক্ত পরিষেবা ও সংস্থানগুলোতে বিনিয়োগের জন্য হোস্ট কমিউনিটি চুক্তি।

প্রস্তাবিত প্রকল্পটি নির্বাহী আইন § 94-c এবং এর বাস্তবায়ন নির্দেশিকাগুলোর প্রয়োজনীয়তা পূরণ করে বা অতিক্রম করে তা নিশ্চিত করার জন্য জনগণের জোরালো অংশগ্রহণের সাথে ORES একটি সময়োপযোগী, বিস্তারিত ও স্বচ্ছ পর্যালোচনা প্রক্রিয়া পরিচালনা করেছে। এই প্রকল্পটি প্রধান নবায়নযোগ্য বিদ্যুৎ সুবিধাগুলোর অনুমতি দেওয়ার জন্য স্টেটের সহযোগিতামূলক পদ্ধতির আরেকটি উদাহরণ যা বিচারের প্রয়োজন ছাড়াই স্থানীয় উদ্বেগগুলো সমাধানের লক্ষ স্থির করা হয়েছে। এই প্রকল্পটি এগিয়ে যাওয়ার সাথে সাথে, ORES হোস্ট মিউনিসিপ্যালিটি ও কমিউনিটি স্টেকহোল্ডারদের সাথে প্রকল্পটি নির্মাণের মাধ্যমে দেখার জন্য সহযোগিতামূলকভাবে কাজ চালিয়ে যাবে।

অফিসের ওয়েবসাইট https://ores.ny.gov/permit-applications-এ গিয়ে আজকের সিদ্ধান্ত জানা যাবে।

**নিউ ইয়র্ক স্টেট অফিস অব রিনিউয়েবল এনার্জি সাইটিং-এর এক্সিকিউটিভ ডিরেক্টর হাউটন মোয়াভেনি বলেন,** "94-c সাইটিং প্রক্রিয়ার সফলতার কৃতিত্ব ORES-এর কর্মী এবং এর অংশীদার স্টেট সংস্থাগুলোর, এবং সেইসাথে সম্পৃক্ত সব স্টেকহোল্ডারের, যাদের মধ্যে স্থানীয় কর্মকর্তা, কমিউনিটি সদস্য, পরিবেশ বিষয়ক গ্রুপ, শ্রমিক ইউনিয়ন এবং একটি অধিকতর নির্মল, আরো বেশি শক্তিশালী নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য নিবেদিত নির্মল জ্বালানি শিল্প অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রক্রিয়াটি একটি নিয়ন্ত্রক মডেল হিসেবে অবস্থান করছে এবং গভর্নর ক্যাথি হোকলের অব্যাহত নেতৃত্ব, ORES আমাদের প্রাকৃতিক সম্পদ ও কমিউনিটিগুলো শক্তিশালী সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি স্টেটকে তার জলবায়ু লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য ভাল অবস্থানে রয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন,** "সোলার বিদ্যুৎ উন্নয়ন স্টেটের পাওয়ার গ্রিডের জন্য আরো পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করছে, জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে নির্ধারিত চাহিদা পূরণের প্রচেষ্টা জোরদার করছে এবং ভালো বেতনের গ্রীন কর্মসংস্থান তৈরি করছে বা নিউ ইয়র্কের অর্থনীতিকে উপকৃত করে। নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্পগুলোর গভর্নর হোকলের টেকসই অগ্রাধিকার স্টেটের জীবাশ্ম জ্বালানি থেকে দূরে স্টেটের রূপান্তরকে এগিয়ে নিয়ে যাচ্ছে, জলবায়ু দূষণ হ্রাস করছে এবং বাতাসের মানের উন্নতি করছে।"

**অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্ক (Alliance for Clean Energy New York) এর নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেন,** "এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য সুবিধাজনক, বিশেষ করে ফ্রাঙ্কলিন কাউন্টিতে এবং যারা এই ঘোষণাটি সম্ভব করতে সহায়তা করেছেন আমরা তাদের সকলের প্রশংসা করি। এই প্রকল্পটি শুধু নিউ ইয়র্কে অত্যন্ত প্রয়োজনীয় পরিচ্ছন্ন

নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহ করবে না তবে প্রকৃত এবং বাস্তব অর্থনৈতিক নুবিধা প্রদান করবে যা নর্থ কাউন্টির নিউ ইয়র্কবাসীগণের জীবনকে উন্নত করবে।"

**নিউ ইয়র্ক লিগ অব কনজারভেশন ভোটারস পলিসি (New York League of Conservation Voters Policy) এর পরিচালক প্যাট্রিক ম্যাকক্লেলান বলেন,** "যেহেতু আমাদের জনসংখ্যা এবং পৃথিবীর জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ক্ষতিকারক প্রভাবের শিকার হচ্ছে, তাই এটি গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের বৃহৎ পরিসরে নবায়নযোগ্য বিদ্যুৎ এর সক্ষমতা বৃদ্ধি করতে চাই। ব্রুকডেল সোলার এবং এটি যে 100 মেগাওয়াট পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করবে তা স্টেটের CLCPA লক্ষ্য পূরণের দিকে একটি বড় পদক্ষেপ এবং পরিবেশের জন্য একটি বড় বিজয়। আমরা গভর্নর হোকল ও ORES এর পরিচালক হুতান মোয়াভেনিকে জলবায়ু লড়াইয়ের প্রতি তাদের প্রতিশ্রুতি ও সোলার বিদ্যুৎ উৎপাদনে নিউ ইয়র্ককে একটি জাতীয় নেতা হিসেবে নিশ্চিত করার জন্য প্রশংসা করি।"

**নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স ইউনিয়ন পলিটিক্যাল অ্যাকশন কমিটি (New York State Laborers Union Political Action Committee) এর নির্বাহী পরিচালক ভিনসেন্ট আলবানিজ বলেন,** "ফ্রাঙ্কলিন কাউন্টিতে একটি অত্যাধুনিক সোলার বিদ্যুৎ সুবিধা – নিউ ইয়র্কের সর্বশেষ নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্প – সম্পূর্ণরূপে পর্যালোচনা ও দ্রুত অনুমতি দেওয়ার জন্য আমরা গভর্নর হোকল ও নবায়নযোগ্য বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ অফিসের প্রশংসা করি। এই প্রকল্পটি স্থানীয় নিমার্ণ শ্রমিকদের জন্য ভালো ইউনিয়ন কর্মসংস্থান তৈরি করবে এবং তাদের পরিবারকে-টেকসই মজুরি আয়ের অনুমতি দেবে। ডেভেলপার, AES, স্থানীয় লোকদের জন্য ক্যারিয়ার-ট্র্যাক কর্মসংস্থান প্রদান করার সময় তারা যে কমিউনিটিগুলো তৈরি করে সেগুলোকে সহায়তা করার একটি প্রমাণিত ট্র্যাকে রেকর্ড রয়েছে। নিউ ইয়র্ক স্টেট লেবারার্স ইউনিয়ন (New York State Laborers Union) নিউ ইয়র্কের নবায়নযোগ্য বিদ্যুৎ এর ভবিষ্যৎ নির্মাণে অবিচ্ছেদ্য ভূমিকা পালন করতে পেরে গর্বিত।"

**AES উন্নয়ন পরিচালক জোশ বেয়ার্ড বলেন,** "ব্রুকসাইড সোলার প্রকল্প নিউ ইয়র্কে বড় আকারের নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্পের পাইপলাইনটি দায়িত্বশীলভাবে উন্নয়নের জন্য AES এর নেতৃত্ব ও প্রতিশ্রুতির আরেকটি বড় উদাহরণ। আমরা এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি এগিয়ে নিতে গভর্নর ও ORES কর্মীদের প্রচেষ্টার প্রশংসা করি। সাইটিং পারমিট ইস্যু করা এই প্রকল্পটিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি উল্লেখযোগ্য পদক্ষেপ এবং আমরা এই প্রকল্পটি স্থানীয় কমিউনিটি ও স্টেটের জন্য অনেক সুবিধা নিয়ে আসার অপেক্ষায় রয়েছি।"

**চ্যাটোগে শহরের সুপারভাইজার ডন বিলো বলেন**, "ব্রুকসাইড সোলার প্রকল্পকে সহায়তা করতে পেরে চ্যাটোগে শহর আনন্দিত। আমরা গ্রীন এনার্জির সরবরাহ বৃদ্ধি করতে এবং জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা কমানোর জন্য স্টেটগুলোর পরিকল্পনাকে সমর্থন করি। এই নবায়নযোগ্য প্রকল্পগুলো গ্রিনহাউস গ্যাস ও দূষণের প্রভাবগুলোর ভারসাম্য বজায় রাখার সঠিক উপায়। আমি কৃতজ্ঞ যে আমাদের কিছু নেতা বৈশ্বিক উষ্ণায়নের হুমকিকে গুরুত্বসহকারে নিয়েছেন।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন